



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং- ১৪.৩২.০০০.০০৩.০৭.০০১.২০১৬-

তারিখঃ ১৯/১০/২০১৬ ইং

বিষয়ঃ জনস্বার্থে সংবাদ বিজ্ঞপ্তি ও নিউজ স্ক্রলটি বহুল প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বিটিআরসি'র মোবাইলফোনে প্রতারণা সংক্রান্ত নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তি ও স্ক্রলটি জনস্বার্থে বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করছি।

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) থেকে মোবাইলফোন গ্রাহকের ব্যক্তিগত তথ্য, পিনকোড, পাসওয়ার্ড ও বায়োমেট্রিক সিম নিবন্ধন সংক্রান্ত কোনও তথ্য চেয়ে কোন প্রকার ফোনকল ও এসএমএস (SMS) প্রেরণ করা হচ্ছে না। সম্প্রতি দেখা যাচ্ছে যে, বর্তমানে এক শ্রেণির প্রতারণক/অপরাধীচক্র বিটিআরসি'র কর্মকর্তার পরিচয় ব্যবহার করে বা বিভিন্ন মোবাইল অপারেটরের নাম ব্যবহার করে ফোনকল ও এসএমএস (SMS)-এর মাধ্যমে গ্রাহককে বিভ্রান্ত করে বায়োমেট্রিক সিম নিবন্ধনে সহযোগিতার নাম করে সংক্রান্ত তথ্য, বিকাশ ও অন্যান্য মোবাইল ফিন্যান্সিয়াল একাউন্ট পিনসহ জমাকৃত অর্থ, টকটাইম এবং ব্যক্তিগত তথ্য হাতিয়ে নিচ্ছে।

এক্ষেত্রে বিভিন্ন মোবাইল অপারেটরদের ফোন নম্বর ও অবৈধ প্রযুক্তি ব্যবহার করে বিটিআরসি-এর ল্যান্ড লাইন (+৮৮০২৯৬১১১১১)/মোবাইল নম্বর (হটলাইন +৮৮০১৫৫৫১২১১২১) কপি করে ব্যবহার করতে দেখা যাচ্ছে। এমনকি মোবাইল স্ক্রিনে মাস্কিং-এর মাধ্যমে বিটিআরসি (BTRC) নাম ব্যবহার করে কল করছে। এছাড়া BD info, Bangladesh info, BTRC info প্রভৃতি নামে বিভিন্ন ফোনকল বা এসএমএস (SMS) পাঠিয়ে পিন নম্বর বা কোড ও অর্থ চাওয়া হচ্ছে। বিভিন্ন মোবাইল অপারেটরের প্রতিনিধির নাম করেও (ক্ষেত্র বিশেষে তাঁদের হটলাইন নম্বর ব্যবহার করে) এরূপ তথ্য চেয়ে জনসাধারণকে বিভ্রান্ত করে বা ফাঁদে ফেলে টাকা/টিক টাইম হাতিয়ে নেয়া হচ্ছে মর্মেও অভিযোগ পাওয়া গিয়েছে।

জনস্বার্থে জানানো যাচ্ছে যে, বিটিআরসি (BTRC)-এর নাম ব্যবহার করে ফোনকল ও এসএমএস (SMS)-এর মাধ্যমে বায়োমেট্রিক পদ্ধতিতে সিম নিবন্ধন সংশ্লিষ্ট তথ্য এবং মোবাইল অপারেটরদের নাম ব্যবহার করে প্রতারণক/অপরাধীচক্র কর্তৃক প্রেরিত প্রতারণা ও বিভ্রান্তিমূলক ফোনকল ও এসএমএস (SMS)-এর উত্তর প্রদান বা তথ্য প্রদান থেকে সম্পূর্ণ বিরত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

এ ধরনের বিষয় পরিলক্ষিত হলে বিটিআরসি'র গ্রাহক অভিযোগ সংক্রান্ত কলসেন্টার ২৮৭২, +৮৮০১৫৫৫১২১১২১ বা btrc@btrc.gov.bd ও consumer.inquiries@btrc.gov.bd ঠিকানায় ইমেইল এর মাধ্যমে অভিযোগ প্রদানের অনুরোধ জানানো যাচ্ছে। এ অপরাধ দমনে আইন-শৃংখলা বাহিনীর সহযোগিতায় অপরাধীদের সনাক্ত করে শ্রেফতার এবং যথাযথ কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নেয়া হয়েছে।


এই ব্যাপারে ব্যাপক জনসচেতনতা ও সতর্কতা তৈরির জন্য খবরটি বহুল প্রচার একান্ত প্রয়োজন। বর্ণিত বিষয়টি বিবেচনায় উপরোক্ত জনগুরুত্বপূর্ণ সংবাদটি আপনার জনপ্রিয় টেলিভিশন চ্যানেলে প্রচারের জন্য বিনীত অনুরোধ করছি।

এছাড়া জনগণকে সঠিকভাবে অবহিত ও সচেতন করার জন্য নিম্নোক্ত স্ক্রল সংবাদটি টেলিভিশন স্ক্রল আকারে ব্যাপক প্রচারের জন্য নির্দেশক্রমে সবিশেষ অনুরোধ জানাচ্ছি।

স্ক্রল সংবাদের বিষয়বস্তুঃ

“বিটিআরসি বা মোবাইল অপারেটরের নাম ব্যবহার করে প্রতারণকচক্রের ফোনকল ও এসএমএস-এ ব্যক্তিগত তথ্য, পিনকোড দিবেন না- বিটিআরসি।”

আপনার একান্ত,


মোঃ সরওয়ার আলম

সচিব ও মুখপাত্র

বিটিআরসি

প্রাপক

হেড অব নিউজ/চীফ নিউজ এডিটর
সকল টেলিভিশন চ্যানেল
ঢাকা, বাংলাদেশ।

যোগাযোগঃ

০১৫৫২২০২৭০৫ ও ৯৫৬৩৩৬৬

Email:

sarwar09@gmail.com; zakirkhan@btrc.gov.bd